৪৩

দৈনিক সংবাদ

তারিখ 08 JUL 1993
পৃষ্ঠা ৮ কলাম ৭

### রাজশাহী বিশ্ববিদ্যালয় পরিস্থিতি জটিল

# কোষাধ্যক্ষ মকবুল হোসেনকে ছাত্রদের অবাঞ্ছিত ঘোষণা

রাজশাহী, ৭ই জুলাই (বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)।– ক্যাম্পাস থেকে দু'জন ছাত্রনেতাকে গ্রেফতারের ঘটনাকে কেন্দ্র করে গত ৪ঠা জুলাই থেকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে যে সংকটময় পরিস্থিতির সৃষ্টি হয়েছে, আজ চ্যান্সেলর পাক-হানাদার বাহিনীর দোসর বহু বিতর্কিত ব্যক্তি প্রফেসর মকবুল হোসেনকে ঐ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ পদে নিয়োগ দেয়ায় সেই পরিস্থিতি আরো প্রকট আকার ধারণ করেছে। আটদলীয় ছাত্র ঐক্য এই নিয়োগের প্রতিবাদে আজ দুপুরেই কোষাধ্যক্ষের কার্যালয়ে অনির্দিষ্টকালের জন্য তালা ঝুলিয়ে দিয়েছে এবং প্রফেসর মকবুল হোসেনকে ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা করেছে।

প্রফেসর মকবুল হোসেন আজ সকালেই কোষাধ্যক্ষ হিসেবে কাজে যোগদান করেন এবং তার কার্যালয়ে যান। তবে তালা ঝুলিয়ে দেয়ার সময় তিনি কার্যালয়ে ছিলেন না। প্রফেসর মকবুল হোসেনকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ পদে নিয়োগ দেয়া হচ্ছে—এই খবরে প্রায় দু'সপ্তাহ আগে থেকেই ছাত্র-শিক্ষকসহ বিভিন্ন মহলে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, দু'শ' একজন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, জাতীয় সমন্বয় কমিটি, রাজশাহী ছাত্র সংগঠনসমূহ এবং বিভিন্ন রাজনৈতিক দল পৃথক পৃথক বিবৃতিতে এই নিয়োগের ফলে উদ্ভূত পরিস্থিতির জন্য কর্তৃপক্ষই দায়ী থাকবেন বলে হুঁশিয়ারি উচ্চারণ করে।

মকবুল হোসেনকে রাজশাহী বিশ্ববিদ্যালয় কোষাধ্যক্ষ হিসেবে নিয়োগ দেয়া হয়েছে এই খবর ছড়িয়ে পড়ার সাথে সাথে আজ দুপুরে গণতান্ত্রিক ছাত্র ঐক্য ও ছাত্রলীগ (ম-ই) সমন্বয়ে নবগঠিত আটদলীয় ছাত্র ঐক্য ব্যাপক বিক্ষোভ প্রদর্শন করে। ছাত্ররা দুপুর একটার দিকে বিপুলসংখ্যক পুলিশের উপস্থিতিতেই কোষাধ্যক্ষের কার্যালয়ে তালা ঝুলিয়ে দেয়। এর পর পরই তাৎক্ষণিকভাবে অনুষ্ঠিত এক সমাবেশে ছাত্র নেতৃবৃন্দ মকবুল হোসেনকে ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা করে বলেন, সরকার এই নিয়োগদানের মাধ্যমে মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার প্রতি চ্যালেঞ্জ ছুড়ে দিয়েছে। নেতৃবৃন্দ বলেন, ছাত্রসমাজ এই ঘৃণিত ব্যক্তিকে কখনোই মেনে নেবে না। সমাবেশ থেকে এই নিয়োগ বাতিল ও গ্রেফতারকৃত ছাত্রনেতাদের মুক্তির দাবিতে আগামীকাল বৃহস্পতিবার উপাচার্য দপ্তরের সামনে অবস্থান ধর্মঘটের কর্মসূচী ঘোষণা করা হয়। কোষাধ্যক্ষের নিয়োগ বাতিল না হওয়া পর্যন্ত ছাত্র নেতৃবৃন্দ উপাচার্যের সাথে কোন আলোচনায় বসবে না বলেও আটদলীয় ছাত্র ঐক্য এক বিবৃতিতে উল্লেখ করেছে। এর আগে ক্যাম্পাস থেকে দু'জন ছাত্রনেতাকে গ্রেফতারের ঘটনার প্রতিবাদে পূর্বঘোষিত কর্মসূচী অনুযায়ী আটদলীয় ছাত্র ঐক্য আজ কালো ব্যাজ ধারণ করে।

জানা গেছে, বিশ্ববিদ্যালয়ের বর্তমান উদ্ভূত পরিস্থিতি নিয়ে ছাত্রনেতাদের সাথে আলোচনার জন্য আজ সন্ধ্যা সাড়ে সাতটায় উপাচার্যের পক্ষে প্রক্টর এক বৈঠক আহ্বান করলেও ছাত্রদলসহ কোন ছাত্র সংগঠনই ঐ বৈঠকে যোগদান করেনি। ছাত্র সংগঠনগুলো পৃথক পৃথক বিবৃতিতে ঐ বৈঠক বর্জন করা হয়েছে বলে উল্লেখ করেছে। অন্যদিকে রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আগামী ১২ই জুলাই অনুষ্ঠেয় সাধারণ সভায় কোষাধ্যক্ষ হিসেবে পাক-বাহিনীর প্রত্যক্ষ সহযোগী প্রফেসর মকবুল হোসেনকে নিয়োগদানের বিষয়টি আলোচ্যসূচীর প্রথমেই স্থান পাবে বলে জানা গেছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত ৫ই জুলাই ক্যাম্পাসে সভা-সমাবেশের ওপর যে নিষেধাজ্ঞা জারি করেছিল তা প্রত্যাহার করে নিয়েছে।